



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd

E-mail : college@dinajpureducationboard.gov.bd

স্মারক নং- ৪/কল/রং/৪১২/৯৮৭

তারিখঃ ১৯/০২/২০১৮ ইং

বিষয় : উচ্চ মাধ্যমিক পর্যায়ে “মনোবিজ্ঞান” বিষয় খোলার অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭০.১১.০৪৯.২০১৬-১৪৬, তারিখঃ ১৭/০৫/২০১৭ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয়ের সম্মতিক্রমে আপনাকে জানানো যাচ্ছে যে, আপনার কলেজে নিম্নবর্ণিত শর্তে উচ্চ মাধ্যমিক পর্যায়ে শিক্ষাক্রম কাঠামোর শাখা ভিত্তিক ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষ হতে “মনোবিজ্ঞান” বিষয় খোলার অনুমতি প্রদান করা হ’ল।

শর্ত সমূহ :

- ১। অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে (এমপিও না দেয়ার শর্তে) নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে;
- ২। এ ক্ষেত্রে সরকার কোন আর্থিক দায়ভার বহন করবে না;
- ৩। আগামী ০১ (এক) বছরের মধ্যে শিক্ষার্থীর সংখ্যা, পরীক্ষার্থীর সংখ্যা সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে;
- ৪। কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না;
- ৫। উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নজির হিসেবে বিবেচিত হবে না;
- ৬। সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে;
- ৭। বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে;
- ৮। ধর্মীয় ও সামাজিক মূল্যবোধ ইত্যাদির সাথে সাংঘর্ষিক কোন কার্যক্রম পরিচালনা করা যাবে না;
- ৯। সরকার উপযুক্ত কারণ মনে করলে যে কোন সময় কলেজটির কার্যক্রম বাতিল বা স্থগিত করতে পারে;
- ১০। মহিলা কোটার শর্ত পূরণ করতে হবে এবং
- ১১। প্রতি শিক্ষাবর্ষে উক্ত বিষয়ে কমপক্ষে ২৫ জন ছাত্র/ছাত্রী ভর্তি করতে হবে।

অধ্যক্ষ,

চাঁদের হাট ডিগ্রী কলেজ
ডাকঘর : চাঁদের হাট, উপজেলা : সদর,
জেলা : নীলফামারী।

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।

স্মারক নং- ৪/কল/রং/৪১২/৯৮৭

তারিখঃ ১৯/০২/২০১৮ ইং

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হ’ল :

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, নীলফামারী।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, সদর, নীলফামারী।
- ৫। ওয়েব সাইট কপি।
- ৬। অফিস কপি।

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।

২০১৮/২/২৪